

৩০,০০০ (ত্রিশ হাজার) পিস ইয়াবা ও একটি মোটর সাইকেলসহ রাজধানীর শীর্ষ ইয়াবা সিডিকেটের ০৩ জন গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো: উপ অঞ্চলের একটি চৌকশ টিম ১২/১০/২০১৭ ইং তারিখ টানা ১০ ঘণ্টারও বেশী সময় ধরে রাজধানীর যাত্রাবাড়ী হানিফ ফ্লাইওভারের শনিরআখরা প্রান্তে, গেন্ডারিয়ায় এবং বংশাল থানাধীন ১৬৭, এম এস মার্কেটের ৩য় তলার একটি গোড়াউনে অভিযান চালিয়ে ৩০,০০০(ত্রিশ হাজার) পিস ইয়াবা ও ০১টি মোটর সাইকেলসহ রাজধানীর শীর্ষ ইয়াবা

সিডিকেটের ০৩ সদস্যকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হলেন-(১) মো: মহিউদ্দিন ইসলাম (২৪), পিতা- মো: নূরুল ইসলাম, স্থায়ী সাং-ঠাকুরদিঘী রাজঘাটা, থানা-চন্দনাইশ, জেলা-চট্টগ্রাম, বর্তমান সাং- হানিফ শেখের বাড়ী, ২১, ছনটেক, ধনিয়া, থানা- যাত্রাবাড়ী, জেলা-ঢাকা, (২) মো: মোবারক হোসেন বাবু (২৯), পিতামৃত: আব্দুর রশিদ, সাং- নেয়াজপুর, ইউপি-করিমপুর, থানা-সুধারাম, জেলা-নোয়াখালী, বর্তমান সাং-৪৯০, ধনিয়া, থানা-যাত্রাবাড়ী, ঢাকা (৩) দুলাল চন্দ্র শীল(৪৮), পিতামৃত-হরেন চন্দ্র শীল, সাং-মধুপুর, থানা ও জেলা-ঝালকাঠি, বর্তমান সাং-১৬৭, এম এস মার্কেট, থানা-বংশাল, জেলা-ঢাকা।

উল্লেখ্য, বিগত ০৯/০৭/২০১৭ ইং তারিখ রাজধানীর এ্যালিফ্যান্ট রোড, কলাবাগান ও পশ্চিম রাজাবাজার ৫০,০০০ হাজার পিস ইয়াবার মামলার সূত্র ধরে এই ইয়াবা সিডিকেটটিকে ধরার জন্য ঢাকা মেট্রো'র সদস্যরা ০৩(তিন) মাস যাবৎ গোয়েন্দা নজরদারী চালিয়ে আসছিল। গতকাল গোপন সংবাদের ভিত্তিতে প্রথমে হানিফ ফ্লাইওভারের শনির আখরা প্রান্ত থেকে ইয়াবা সরবরাহের সময় সিডিকেটের সদস্য মো: মহিউদ্দিন ইসলামকে ৫০০০ হাজার ইয়াবাসহ গ্রেফতার করা হয়। তার দেয়া তথ্যের ভিত্তিতে বংশাল থানাধীন ১৬৭, নবাবপুর রোডস্থ এম এস মার্কেটের ৩য় তলায় কুখ্যাত মাদক ব্যবসায়ী নাসির উদ্দিনের গোড়াউন হতে ২০,০০০ পিস ইয়াবা উদ্ধার করা হয় এবং ইয়াবা ব্যবসায় সহযোগীতার দায়ে মার্কেটের দাড়াওয়ান দুলাল চন্দ্র শীলকে গ্রেফতার করা হয় এবং মূল হোতা নাসির উদ্দিন পলাতক থাকায় তাকে গ্রেফতার করা সম্ভব হয়নি। একই টিম রাজধানীর গেন্ডারিয়া থানাধীন দয়াগঞ্জ এলাকায় অভিযান চালিয়ে ৫০০০ পিস ইয়াবাসহ মো: মোবারক হোসেন বাবুকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ও পলাতক আসামীর বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব সুমনুর রহমান ও সূত্রাপুর সার্কেলের পরিদর্শক জনাব মো: হেলাল উদ্দিন ভূইয়া বাদী হয়ে ০২টি নিয়মিত মামলা রুজু করে।